# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 04.08.2024 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ মহিলা বনাধিকারিকের সঙ্গে দুর্ব্যবহারের জেরে রাজ্যের কারামন্ত্রী পদে ইস্তফা দিতে হচ্ছে, রামনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক অখিল গিরিকে।

# বিরোধীরা অবশ্য এতে সন্তুষ্ট নন। মন্ত্রীর বিরুদ্ধে মামলা রুজুর দাবী জানিয়েছেন তাঁরা।

২/ বাংলা ভাগের চেষ্টার অভিযোগকে সামনে রেখে আগামীকাল সরকার পক্ষ বিধানসভায় নিন্দা প্রস্তাব আনছে। # বিজেপি, এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করেছে।

৩/ গভীর নিম্নচাপ ঝাড়খন্ডের দিকে সরে যাওয়ায় দক্ষিণবঙ্গে বৃষ্টি কমলেও ডিভিসি জল ছাড়ার পরিমাণ বাড়ানোয় বিভিন্ন এলাকা বানভাসি হওয়ার আশঙ্কা।

# ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রীর সঙ্গে এ'নিয়ে কথা বলেছেন, রাজ্যের মুখ্যমন্ত্রী।

৪/ বিশ্ব ঐতিহ্য সুন্দরবন দেশের মধ্যে দ্বিতীয় বৃহত্তম ব্যাঘ্র সংরক্ষণ ক্ষেত্রের স্বীকৃতী পেতে চলেছে।

*****************************************************************

মহিলা বনাধিকারিকের সঙ্গে দুর্ব্যবহারের জেরে রাজ্যের কারামন্ত্রী পদে ইস্তফা দিতে হচ্ছে, রামনগরের তৃণমূল কংগ্রেস বিধায়ক অখিল গিরিকে। দলীয় নেতৃত্বের তরফে তাঁকে পদত্যাগ এবং ওই বনাধিকারিকের কাছে ক্ষমা চাওয়ার নির্দেশ দেওয়া হয়। অখিল গিরি জানিয়েছেন, তিনি দলের এক অনুগত সৈনিক। রাজ্য সভাপতির নির্দেশ মেনে পদত্যাগ করছেন তিনি।

(বাইট- অখিল ২ )

গতকাল তাজপুরে কাঁথি রেঞ্জের ফরেস্ট অফিসার মনীষা সাউকে অখিল গিরির শাসানি এবং কটু মন্তব্যের ভিডিও ভাইরাল হলে, সমালোচনার ঝড় ওঠে। সমুদ্রসৈকত এলাকায় বন দফতরের জায়গা থেকে উচ্ছেদ হওয়া হকারদের সমর্থনে ওই এলাকায় গিয়েছিলেন কারা মন্ত্রী। কর্তব্যরত সরকারি আধিকারিকের সঙ্গে দুর্ব্যবহার করা নিয়ে আত্মপক্ষ সমর্থনে এজন্য তিনি মহিলা আধিকারিককেই দায়ী করেন। কিন্তু কড়া অবস্থান নেয় তৃণমূল কংগ্রেস। দল এই আচরণ সমর্থন করে না এবং অখিল গিরিকে পদত্যাগের নির্দেশ দেওয়া হয়েছে বলে আজ জানান তৃণমূল কংগ্রেসের মুখপাত্র শান্তনু সেন।

(বাইট- শান্তনু )

অখিল গিরির ইস্তফাতে সন্তুষ্ট নন বিরোধীরা। তাঁর বিরুদ্ধে FIR দায়ের করার দাবী জানিয়েছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। তিনি বলেছেন, রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সম্পর্কে কুরুচিকর মন্তব্য করার জন্য যদি তখনই মুখ্যমন্ত্রী তার বিরুদ্ধে ব্যবস্থা নিতেন, তাহলে আজ এইদিন দেখতে হত না।

(বাইট- সুকান্ত)

একই মন্তব্য করেছেন, বিজেপির রাজ্য মুখপাত্র, সাংসদ শমীক ভট্টাচার্য’ও।

( বাইট- শমীক)

CPIM কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেছেন, পদত্যাগ নয়, অখিল গিরির মন্ত্রী পদ খারিজ হওয়া উচিত ছিল।

( বাইট- সুজন )

*********************

বন দপ্তরের মহিলা রেঞ্জ অফিসারকে তৃণমূল কংগ্রেস নেতা তথা রাজ্যের কারামন্ত্রী অখিল গিরির কদর্য ভাষায় আক্রমণ ও কুরুচিকর আচরণকে ‘পশ্চিমবঙ্গ সরকারি কর্মচারী সমিতি’ সমূহের ‘রাজ্য কো-অর্ডিনেশন কমিটি’ তীব্র ধিক্কার জানিয়েছে। আগামীকাল রাজ্য কোঅর্ডিনেশন কমিটি ও ‘ওয়েস বেঙ্গল সাব-অর্ডিনেট ফরেস্ট সার্ভিস অ্যাসোসিয়েশন’-এর পক্ষ থেকে কাঁথি মহাকুমা শাসকের কাছে ডেপুটেশন দেওয়া হবে এবং রাজ্যের সমস্ত বন দপ্তরের অফিসে বিক্ষোভ প্রদর্শন করা হবে বলে রাজ্য কোঅর্ডিনেশন কমিটির সাধারণ সম্পাদক বিশ্বজিৎ গুপ্ত চৌধুরী জানিয়েছেন।

*********************

বাংলা ভাগের চেষ্টার অভিযোগকে সামনে রেখে আগামীকাল সরকার পক্ষ বিধানসভায় নিন্দা প্রস্তাব আনছে। অধিবেশন পরিচালনা বিধির ১৮৫ নম্বর ধারায় এই প্রস্তাব আনা হয়েছে। বাংলা ভাগের অপচেষ্টা করা হচ্ছে বলে উল্লেখ রয়েছে প্রস্তাবে। বলা হয়েছে, এই ধরনের উদ্যোগ থেকে বিরত থাকার জন্য বিধানসভা রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করছে। প্রস্তাবের শেষ অংশে, রাজ্যের সব শ্রেণির মধ্যে ঐক্য, সংহতি, শান্তি ও সম্প্রীতি রক্ষার স্বার্থে পশ্চিমবঙ্গকে অটুট রাখার জন্য সকল স্তরের জনগণের কাছে আবেদন জানানো হয়েছে।

বিজেপির রাজ্য সভাপতি, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের নাম না করে বলা হয়েছে, উত্তর পূর্বের সঙ্গে উত্তরবঙ্গকে যুক্ত করার প্রস্তাব, রাজ্য ভাগের’ই নামান্তর। ঝাড়খন্ডের বিজেপি সাংসদ নিশিকান্ত দুবের মন্তব্যের’ও উল্লেখ রয়েছে নিন্দা প্রস্তাবে।

বিজেপি, এই প্রস্তাবের তীব্র বিরোধিতা করেছে। দলের তরফে পরিস্কার জানানো হয়েছে, বিজেপি বাংলাভাগের বিরুদ্ধে।

*********************

নরেন্দ্র মোদী সরকার শেষ পর্যন্ত সংসদে ১০০ দিনের কাজ প্রকল্পে বাংলাকে গত অর্হবর্ষে কোনো টাকা না দেবার কথা স্বীকার করেছে বলে তৃণমূল কংগ্রেস সাংসদ ডেরেক ও'ব্রায়ান এক্স হ্যান্ডেলে জানিয়েছেন।

রাজ্যসভায় সরকার পক্ষের জবাবের নথির ছবি দিয়ে তিনি বলেছেন, এই নথিতেই স্পষ্ট , ২০২৩-২৪ অর্থবর্ষে MG-নারেগা খাতে রাজ্যকে কোনো অর্থই দেওয়া হয়নি। এই কারণেই দলের সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জি ২০২১-এ বিধানসভা নির্বাচনে বিজেপি হেরে যাওয়ার পর থেকে কেন্দ্রের মোদী সরকার বাংলাকে কত টাকা দিয়েছে, তা' নিয়ে শ্বেতপত্র প্রকাশের দাবী জানিয়ে আসছেন।

*********************

নিয়োগ দুর্নীতি মামলায়, বড়ঞার তৃণমূল কংগ্রেস বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে, এনফোর্সমেন্ট নির্দেশনালয়- ইডি আগামীকাল সিজিও কমপ্লেক্সে তলব করেছে। গতবছর এপ্রিল মাসে নিয়োগ দুর্নীতি কান্ডে সিবিআই, মুর্শিদাবাদের বড়ঞার বিধায়ক জীবনকৃষ্ণকে গ্রেপ্তার করেছিলো। গত মে মাসে জামিনে তিনি মুক্তি পান। এবার তাঁকে ইডি তলব করলো।

*********************

গভীর নিম্নচাপ ঝাড়খন্ডের দিকে সরে যাওয়ায় দক্ষিণবঙ্গে বৃষ্টি কমলেও ডিভিসি জল ছাড়ার পরিমাণ বাড়ানোয় বিভিন্ন এলাকা বানভাসি হওয়ার আশঙ্কা।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনের সঙ্গে রাজ্যের সম্ভাব্য বন্যা পরিস্থিতি নিয়ে ফোনে কথা বলেছেন। এক্স হ্যান্ডেলে তিনি জানিয়েছেন, তেনুঘাট থেকে আচমকা বিপুল পরিমাণ জল ছাড়ার ফলে বাংলায় ইতোমধ্যেই প্লাবন দেখা দিয়েছে। বিষয়টিতে নজর দেওয়ার জন্য শ্রী সোরেনকে অনুরোধ করেছেন মুখ্যমন্ত্রী।

এদিকে, দুর্গাপুর ব্যারেজ থেকে এখন এক লক্ষ ১২ হাজার কিউসেক হারে জল ছাড়া হচ্ছে। অন্যত্র সরে যেতে বলা হচ্ছে দামোদরের নিম্ন অববাহিকায় বসবাসকারী মানুষদের।

আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন- ( ভিসি- তনুশ্রী )

অন্যদিকে, ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণ বাড়ায় নদীয়ার শান্তিপুরে ভাগীরথীর জলস্তর বেড়েছে বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

*********************

পূর্ব বর্ধমানের মন্তেশ্বরের দেনুড় পঞ্চায়েতের ধেনুয়া গ্রামে খালের জলে স্নান করতে নেমে তলিয়ে গেছে দশম শ্রেনীর এক ছাত্র।

সূর্য ঘোষ নামে ঐ পড়ুয়া বন্ধুদের সঙ্গে খালে স্নান করতে নামে। জলের স্রোতে নিমেষে তলিয়ে যায় সে। পুলিশ ও বিপর্যয় মোকাবিলা বাহিনী তাঁর খোঁজে তল্লাশি চালাচ্ছে।

*********************

বিশ্ব ঐতিহ্য সুন্দরবন দেশের মধ্যে দ্বিতীয় বৃহত্তম ব্যাঘ্র সংরক্ষণ ক্ষেত্রের স্বীকৃতি পেতে চলেছে। বর্তমানে ২ হাজার ৫৮৫.৮৯ বর্গ কিলোমিটার বনাঞ্চল সুন্দরবন ব্যাঘ্র প্রকল্পের আওতায় রয়েছে। এই স্বীকৃতি পেলে সংরক্ষিত বনাঞ্চলের পরিমাণ দাঁড়াবে ৩ হাজার ৬২৯.৫৭ বর্গ কিলোমিটার। রাজ্যের মুখ্য বন্যপ্রাণী সংরক্ষক দেবল রায় আকাশবাণীকে জানিয়েছেন, দক্ষিণ ২৪ পরগনার রায়দিঘি, মাতলা এবং  রামগঙ্গা এই তিনটি রেঞ্জকে বর্ধিত ক্ষেত্রের আওতায় আনা হচ্ছে। সুন্দরবনে বর্তমানে বাঘের সংখ্যা ১০১ এবং এই অরণ্য দেশের সপ্তম বৃহত্তম ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র হিসেবে চিহ্নিত। নতুন তিনটি বনাঞ্চল যুক্ত হলে তা হবে দেশের বৃহত্তম, অন্ধ্রপ্রদেশের নাগার্জুনসাগর শ্রীসাইলাম ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্রের চেয়ে ১০০ বর্গ কিলোমিটার কম দ্বিতীয় বৃহত্তম।

(বাইট- দেবল )

সারাদেশে বর্তমানে এরকম ব্যাঘ্র সংরক্ষণ বনাঞ্চলের সংখ্যা-৫৫ ।

অন্যদিকে, ক্ষুদ্র মৎস্যজীবী সংগঠনগুলি এই ঘোষণায় উদ্বেগ প্রকাশ করেছে। দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের সম্পাদক মিলন দাসের অভিযোগ, প্রান্তিক

মৎস্যজীবী জীবন-জীবিকার কথা চিন্তা না করেই একতরফাভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

(বাইট- মিলন )

*************************************************************